# কেন্দুয়ায় এইচএসসি পরীক্ষার প্রথম দিনে অনুপস্থিত ৫৪ পরীক্ষার্থী

কেন্দুয়া (নেত্রকোনা) প্রতিনিধি

প্রকাশ: ০২ জুলাই, ২০২৬ ১৭:৫৬



ছবি : কালের কণ্ঠ

নেত্রকোনার কেন্দুয়ায় এইচএসসি পরীক্ষার প্রথম দিনে অনুপস্থিত ছিল ৫৪ জন পরীক্ষার্থী। যার গড় অনুপস্থিতির হার ২.৮৮ শতাংশ।

বৃহস্পতিবার (২ জুলাই) উপজেলার ৪টি কেন্দ্র ও ২টি ভেন্যু কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।  এসব কেন্দ্রে এবার বাংলা প্রথমপত্র পরীক্ষায় ১ হাজার ৮৯০ জন পরীক্ষার্থীর অংশ নেওয়ার কথা। কিন্তু পরীক্ষায় অংশগ্রহণ করে ১ হাজার ৮৩৬ জন পরীক্ষার্থী। সে হিসাব অনুযায়ী ৫৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করেনি।

পরীক্ষার্থীর মধ্যে কেন্দুয়া সরকারি কলেজ কেন্দ্রে ২৭ জন, সান্দিকোনা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ৬ জন, ভরাপাড়া কামিল মাদ্রাসা কেন্দ্রে ৬ জন, কারিগরি শাখায় কেন্দুয়া সরকারি কলেজ কেন্দ্রে ৬ জন, ওরিয়েন্ট টেকনিক্যাল ও বি এম কলেজ কেন্দ্রে ৯ জনসহ মোট ৫৪ জন অনুপস্থিত ছিল।

এবিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) শফিকুল বারী বলেন, ‘আজ বাংলা ১ম পত্র পরীক্ষা খুব সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। কোনো পরীক্ষার্থী বহিষ্কার হয়নি। তবে এ বছর উপজেলার ৪টি মূল কেন্দ্র ও ২টি ভেন্যু কেন্দ্রে ৫৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেনি।